# শঙ্কু / মহাকাশের দূত

১। অন্য গ্রহের প্রাণীদের কাছ থেকে সংকেত পাবার খবর জানিয়ে কে শঙ্কুকে চিঠি দিয়েছিল ?

— ইংলন্ডের বিখ্যাত জ্যোতির্বিদ ফ্রান্সিস ফীল্ডিং ।

২। ফ্রান্সিস কত তারিখ কখন ভিনগ্রহের থেকে সংকেত পান ?

— ১৪ অক্টোবর রাত একটা বাইশ মিনিটে ।

৩। কোথা থেকে এই সংকেত এসেছিল ?

— এপসাইলন ইন্ডি নক্ষত্রপুঞ্জের কোনো এক অংশ থেকে ।

৪। সংকেত বিনিময় কি ভাষায় হয়েছিল ?

— মৌলিক সংখ্যার ভাষায় সংকেত বিনিময় হয়েছিল ।

৫। পৃথিবী থেকে এপসাইলন ইন্ডি নক্ষত্রপুঞ্জে সংকেত পৌঁছতে কত সময় লাগার কথা বলেছেন ফ্রান্সিস ?

— দশ বছর ।

৬। আট বছরের জায়গায় দু বছরে সংকেত এসে পৌঁছনোর কি কারণ অনুমান করেছেন ফ্রান্সিস ?

— এই ভিনগ্রহের প্রাণী বেতারতরঙ্গের চেয়ে বেশি গতিতে সংকেত পাঠাতে পারে ।

৭। ফ্রান্সিসের সঙ্গে শঙ্কুর বন্ধুত্ব কতদিনের ?

— বাইশ বছরের ।

৮। মিশরের রাজা তুতানখামেনের সমাধি কত সালে আবিষ্কৃত হয় ?

— ১৯২২ খ্রিস্টাব্দে ।

৯। মিশরীয় পিরামিডে প্রাপ্ত অমূল্য জিনিস কোথায় গেলে দেখতে পাওয়া যায় ?

— কায়রো মিউজিয়ামে ।